গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

## উপজেলা রোগী কল্যাণ সমিতির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : ডা. মোঃ মমিনুর রহমান সরকার<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ, সদরপুর, ফরিদপুর। |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা. |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ০৬/০৪/২০২৬ খ্রি. |
| উপস্থিত সদস্যবৃন্দ | : [পরিশিষ্ট-ক দ্রষ্টব্য] |

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। আলোচনা শুরু করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর ও সদস্য-সচিব উপজেলা রোগীকল্যাণ সমিতিকে অনুরোধ জানানো হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **রোগী কল্যাণ সমিতির কক্ষে কার্যক্রম:** উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর জানান যে, অত্র উপজেলার রোগীকল্যাণ সমিতি নিবন্ধন নং-ফরিদ ৮১৬ তারিখ: ০৫/১০/২০১০ খ্রি. যা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুর, ফরিদপুরে কল্যাণমূলক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনা করছে। উপজেলা রোগীকল্যাণ সমিতি সমাজকল্যাণ পরিষদ হতে প্রাপ্ত তহবিলের পাশাপাশি স্থানীয় দান-অনুদান ও সহযোগিতার মাধ্যমে দুঃস্থ, অসহায় ও দরিদ্র রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান করে থাকে। অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীকল্যাণ সমিতির অনুকূলে ২০১ নং কক্ষ বরাদ্দ প্রদান করা হয়েছে। হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে ত্বরিত সেবাপ্রদান, গরীব অসহায় দুঃস্থ মানুষের চিকিৎসার ক্ষেত্রে রোগীকল্যাণ সমিতির নিজস্ব সিটিজেন চার্টার, লিফলেট, প্লাকার্ড, সাইনবোর্ড ইত্যাদি দৃশ্যমান থাকলে সেবাপ্রত্যাশী দুঃস্থ রোগী বা তাঁর স্বজনরা সরাসরি রোগীকল্যাণ সমিতির অফিসে যোগাযোগপূর্বক হাসপাতালে চিকিৎসা সেবা গ্রহণে উপকৃত হবেন বলে সভায় বিস্তারিত আলোচনা হয়। তিনি সমিতির অনুকূলে কক্ষ বরাদ্দের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জানান। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুর ফরিদপুরে ২০১ নং কক্ষ রোগীকল্যাণ সমিতির অনুকূলে বরাদ্দ প্রদান করায় দরিদ্র অসহায় রোগীদের হাসপাতাল সমাজসেবা কর্মসূচিতে সেবা প্রদানের উক্ত কক্ষে সমিতির কার্যক্রম পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর। |
| ০২ | **প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি:** সদস্য-সচিব সভায় জানান যে প্রতিবন্ধিতা শনাক্তকরনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্মারক: ১৮ তারিখ: ১৪/০১/২০২৬ খ্রি. মোতাবেক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সদরপুর, ফরিদপুরের মেডিকেল অফিসার জনাব ডাঃ গোলাম রাব্বানী কে মূল দায়িত্ব এবং জনাব ডাঃ মোঃ সালাউদ্দিন কে বিকল্প দায়িত্বসহ প্রতিবন্ধীতা শনাক্তকরণের দায়িত্ব প্রদানপূর্বক পত্র প্রেরণ করেন। রোগী কল্যাণ সমিতির অনুকূলে বরাদ্দকৃত ২০১ নং কক্ষে প্রতি সোম ও বৃহস্পতিবার উল্লিখিত দুই (০২) জন চিকিৎসকের উপস্থিতিতে বিধি মোতাবেক প্রতিবন্ধীতা শনাক্তকরণ কার্যক্রম পরিচালনার বিষয়ে সভাপতি মতামত ব্যক্ত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার মনোনীত দুই (০২) জন চিকিৎসক কর্তৃক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সদরপুরের রোগীকল্যাণ সমিতির কক্ষে প্রতি সোমবার ও বৃহস্পতিবার প্রতিবন্ধীতা শনাক্তকরণের নিমিত্ত উপস্থিত থেকে প্রতিবন্ধীতা শনাক্তকরণ সেবা পরিচালনার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর।<br>০২। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **রোগীকল্যাণ সমিতির তহবিল হতে অনুদান:** সভায় সদস্য সচিব জানান যে, সমিতির তথবিলে বর্তমানে ৩,১৮,৪২৪/- টাকা অবিতরণকৃত রয়েছে। অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত দুঃস্থ, অসহায়, দরিদ্র রোগীদের চিকিৎসা সহায়তা ও তাদের সেবার নিমিত্ত উক্ত অর্থ ব্যয়ের বিধান রয়েছে। হাসপাতাল সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা অনুসারে এবং আবেদনকারী রোগীদের তথ্যাদি যাচাই-বাছাই সাপেক্ষে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তর ও উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রাপ্ত ৫০ (পঞ্চাশ) টি চিকিৎসা জনিত আর্থিক সহায়তার আবেদন উপস্থাপন করা হয়। আবেদনগুলো আবাসিক মেডিকেল অফিসার কর্তৃক যাচাই-বাছাই সাপেক্ষে প্রাপ্যতা অনুসারে ১৭ সতের) জন রোগীর অনুকূলে এককালীন আর্থিক সহায়তা প্রদানেরবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের দপ্তরে দাখিলকৃত চিকিৎসা সহায়তার আবেদনের মধ্য হতে বাছাইকৃত ১৭ (সতের) জন ব্যক্তি অনুকূলে **[পরিশিষ্ট-খ তে অনুমোদিত]** বরাদ্দ মোতাবেক এককালীন আর্থিক সহায়তার চেক বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর।<br><br>০২। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |
| ০৪ | **রোগীকল্যাণ সমিতির ব্যাংক হিসাব/ তহবিল নিরীক্ষা:** সভায় সদস্য সচিব জানান যে, রোগীকল্যাণ সমিতির তহবিলে জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে অনুদান, স্থানীয় দুজন গণ্যমাণ্য ব্যক্তি রোগীকল্যাণ সমিতির আজীবন সদস্য হিসেবে এককালীন ৫,০০০/- টাকা হারে মোট ১০,০০০/- টাকা অনুদান প্রদান করেন। এছাড়া উক্ত তহবিল হতে দরিদ্র অসহায় রোগীদের অনুকূলে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে। সমিতির বিগত সভার ০৪ নং সিদ্ধান্ত মোতাবেক হিসেব নিরীক্ষার নিমিত্ত উপজেলা সমাজসেবা কার্যালয়ের স্মারক: ৩২৪ তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রি. মোতাবেক উপজেলা সমবায় অফিসারকে পত্র প্রেরণ ও পত্রের সাথে সমিতির ব্যাংক হিসেব ও তহবিল, ক্যাশ খাতা, পাশ বহি প্রেরণ করা হয়। উপজেলা সমবায় অফিসার মৌখিকভাবে জানান যে রোগীকল্যাণ সমিতির তহবিল নিরীক্ষা করতে জেলা সমবায় অফিসার মহোদয়ের অনুমতিপত্র ব্যতীত এটি নিরীক্ষা করা সম্ভব নয় তিনি জেলা সমবায় অফিসারের অনুমতির জন্য পত্র প্রেরণের পরামর্শ প্রদান করেন। সভায় মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে একটি স্বেচ্ছাসেবীমূলক সমিতির তহবিল নিরীক্ষার জন্য জেলা পর্যায়ে পত্র ও অনুমতি গ্রহণে বিলম্ব হতে পারে তিনি উপজেলা পর্যায়ে অন্য কোন দপ্তরের অফিসারকে দায়িত্ব প্রদানের বিষয়ে মতামত প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় সমিতির সদস্য বহিঃর্ভূত ব্যক্তি হিসেবে উপজেলা একাডেমিক সুপার-ভাইজার অথবা উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (যিনি Available) থাকেন তাঁর কর্তৃক ২০২০-২০২১ অর্থবছর হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত যাবতীয় আয়-ব্যয়, ক্যাশ খাতা, পাশ বহি, রেকর্ড ফরম, দান-অনুদান রেজিস্ট্রার, বিতরণ মাস্টাররোল ইত্যাদি নথি পত্র হিসাব/তহবিল অনুপুঙ্খ নিরীক্ষার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা সমাজসেবা অফিসার, সদরপুর, ফরিদপুর।<br><br>০২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ উপেজলা একাডেমিক সুপারভাইজার সদরপুর, ফরিদপুর। |
| ০৫ | **রোগী কল্যাণ সমিতির তহবিল সংগ্রহ:** সদস্য-সচিব জানান যে, অত্র উপজেলার রোগীকল্যাণ সমিতি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ অনুযায়ী জেলা সমাজসেবা কার্যালয় ফরিদপুরে নিবন্ধিত একটি কল্যাণমূলক স্বেচ্ছাসেবী সংস্থা যা সমাজসেবা অধিদপ্তরের হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের অংশ হিসেবে সদরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দুঃস্থ ও অসহায় রোগীর চিকিৎসা সহায়তা ও কল্যাণের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করে। উপজেলা রোগীকল্যাণ সমিতি সমাজকল্যাণ পরিষদ হতে প্রাপ্ত অনুদানের পাশাপাশি স্থানীয় দান-অনুদান ও সহযোগিতার মাধ্যমে দুঃস্থ, অসহায় ও দরিদ্র রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান করে থাকে। গরীব অসহায় দুঃস্থ মানুষের চিকিৎসার ক্ষেত্রে রোগীকল্যাণ সমিতি হতে যে সহায়তা পাওয়া যায় সেটিরও প্রচার অপ্রতুল। অত্র উপজেলার গণ্যমাণ্য ব্যক্তি ও স্থানীয় সম্পদশালী ব্যক্তিবর্গের যাকাত-ফিতরা ও অন্যান্য এককালীন অনুদান রোগীকল্যাণ সমিতির তহবিলে গ্রহণের সুযোগ রয়েছে এবং উক্ত সংগৃহিত তহবিল হতে দরিদ্র্য মানুষের চিকিৎসা সেবায় ব্যয় করা যেতে পারে। সরকার ইতোমধ্যে ২০২৫-২৬ অর্থবছরে রোগীকল্যাণ সমিতিতে প্রদত্ত অনুদানকে 'কর অব্যাহতি' প্রদান করেছেন | ০১। সরকার ২০২৫-২৬ অর্থবছরে রোগীকল্যাণ সমিতিতে প্রদত্ত অনুদানকে 'কর অব্যাহতি' প্রদান করেছেন ফলে স্থানীয় সম্পদশালী মহৎপ্রাণ ব্যক্তিদের রোগীকল্যাণ সমিতির তথবিলে সদস্য অন্তর্ভূক্তি, আজীবন সদস্য চাঁদা ও এককালীন অনুদান প্রদানে উৎসাহিত করার নিমিত্ত লিফলেট ছাপিয়ে প্রচার-প্রচারণার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | ফলে সম্পদশালী মহৎপ্রাণ ব্যক্তিদের রোগীকল্যাণ সমিতির তথবিলে চাঁদা ও এককালীন অনুদান প্রদানে উৎসাহিত করা যেতে পারে।<br>এছাড়া সভায় সদস্য-সচিব জানান যে, অত্র উপজেলায় প্রতিবন্ধিতা শনাক্তকরণে 'শ্রবণ প্রতিবন্ধিতা' ক্যাটাগরির ক্ষেত্রে পরীক্ষার জন্য কোন অডিওমিটার যন্ত্র নেই। শ্রবণপ্রতিবন্ধীতা নিরুপণে রোগীদের সুদুর ফরিদপুরে যাওয়া ছাড়া উপায় নেই। এতে রোগীদের কানের পরীক্ষা বাবদ ১০০০-১২০০ টাকা ফিস দিতে হয় এবং যাতায়াত, খাওয়া ইত্যাদি আনুষাংগিক খাতে আনুমানিক ২০০০+ টাকার মত খরচ হয় বলে রোগীরা জানান। অত্র উপজেলায় রোগীকল্যাণ সমিতির অনুকূলে একটি অডিওমিটার মেশিন ক্রয় করা হলে দুঃস্থ অসহায় রোগীদের স্থানীয়ভাবেই শ্রবণ প্রতিবন্ধীতা নির্ণয় করা সম্ভব। উক্ত পরীক্ষা ক্ষেত্রে ২০০-৩০০ টাকা ফিস নির্ধারণ করলে সেটির আয়ও সমিতির ব্যাংক হিসেব/তহবিলে আয় বৃদ্ধি করবে যা দ্বারা স্থানীয়ভাবে আরও বেশি সংখ্যক রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান করা সম্ভব হবে। | ০২। সভায় রোগীকল্যাণ সমিতির অনুকূলে অডিওমিটার যন্ত্রের পাশাপাশি গ্লুকোমিটার ক্রয়ের নিমিত্ত উপজেলা পরিষদের 'স্বাস্থ্য ও সমাজকল্যাণ' খাতের বরাদ্দের মাধ্যমে প্রকল্প প্রস্তাব ও প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত মেশিনগুলো সমিতির মাধ্যমে পরিচালনাপূর্বক সমিতির আয়বৃদ্ধির উদ্যোগ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ০২। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর |
| ০৬ | উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর জানান যে, গরীব অসহায় দুঃস্থ মানুষের চিকিৎসার ক্ষেত্রে রোগীকল্যাণ সমিতি হতে জরুরি প্রয়োজনে তাৎক্ষণিক সেবা প্রদান, যেমন দুঃস্থ রোগীর এম্বুলেন্স সেবা, দাফন, সৎকার ইত্যাদি ক্ষেত্রে উদ্ভুত পরিস্থিতিতে সভা ব্যতীরেকেই সেবা প্রদানের প্রয়োজনীয়তা তৈরি হয় ফলে উপজেলা রোগীকল্যাণ সমিতির গঠনতন্ত্রের ৮.৩(ঘ) অনুচ্ছেদ মোতাবেক সদস্য-সচিবের নিকট এককালীন নগদ ৩০০০/- (তিন হাজার) টাকা হাতে রাখার সুযোগ রয়েছে। রোগীকল্যাণ সমিতির মাসিক প্রতিবেদনের ৩৬ কলামে উক্ত হাতে থাকা নগদ অর্থ ব্যয়ের হিসেব দাখিলের বিধান রয়েছে। সভায় জানানো হয় সদস্য-সচিবের নিকট পূর্বের তিন হাজার টাকা হতে জনাব বাবুল মোল্যার অনুকূলে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ও অদ্যকার সভার সভাপতির সুপারিশক্রমে ২০০০ টাকা ব্যয় হয়েছে এবং ১০০০ টাকা অবশিষ্ট রয়েছে। সভায় এটি আলোচনা হয়। | জরুরি প্রয়োজনে তাৎক্ষণিক সেবা প্রদানের লক্ষ্যে উপজেলা রোগীকল্যাণ সমিতির গঠনতন্ত্রের ৮.৩(ঘ) অনুচ্ছেদ মোতাবেক সদস্য-সচিবের নিকট এককালীন অবশিষ্ট নগদ ১০০০/- (এক হাজার) টাকা সংরক্ষণ ও প্রয়োজনীয় পরিস্থিতিতে তা ব্যয়ের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর।<br>০২। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |
| ০৭ | **বিবিধ আলোচনা:** উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর জানান যে, অদ্যকার সভায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কক্ষ বরাদ্দ পাওয়ায় এবং উক্ত কক্ষে কার্যক্রম শুরুর নিমিত্ত জরুরি কিছু নথি পত্র যেমন- সদস্য চাঁদা আদায় রশিদ, রোগীদের অনুদান প্রাপ্তির আবেদন ফরম, ফাইল ফোল্ডার, চিকিৎসক কর্তৃক রোগীর প্রেসক্রিপশন/পথ্য ঔষধ সরবরাহের চাহিদাপত্র, ইত্যাদি প্রেস হতে ছাপিয়ে নেওয়া হয়েছে। এছাড়া সমিতির কার্যক্রম বা সেবার প্রচার প্রসারের জন্য উক্ত কক্ষের বাহিরে সিটিজেন চার্টার, নাম ফলক, সাইনবোর্ড, আজীবন সদস্যদের জন্য অনার বোর্ড, লিফলেট, চেয়ার টেবিল, কেবিনেট, ফার্নিচার ইত্যাদি জরুরি প্রয়োজন হবে। সভায় নতুন কক্ষ ব্যবস্থাপনা ও পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সমিতির অনুকূলে বরাদ্দকৃত কক্ষের প্রাথমিক আনুষাঙ্গিক সাজসজ্জা, সদস্য চাঁদা আদায় রশিদ, ফাইল ফোল্ডার, সিটিজেন চার্টার, নেমপ্লেট, লিফলেট, অনুদানের আবেদন ফরম ইত্যাদি সমিতির নামে প্রেস হতে ছাপিয়ে নেওয়া এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃক সরবরাহকৃত চেয়ার-টেবিল দ্বারা কার্যক্রম শুরু করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর।<br>০২। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

06.04.26

ডা. মোঃ মমিনুর রহমান সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
সদরপুর, ফরিদপুর
ও
সভাপতি
উপজেলা রোগীকল্যাণ সমিতি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর**
**www.dss.sadarpur.faridpur.gov.bd**

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২৬- ৯৬৭

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ:**

১। সিভিল সার্জন, ফরিদপুর।
২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদরপুর, ফরিদপুর।

**[সদয় অবগতির জন্য]**

৫। উপজেলা .............................................কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর।
৬। জনাব................................................... সদরপুর ফরিদপুর।
৭। অফিস কপি।

০৬/০৪/২০২৬


কাজী শামীম আহমেদ
হাসপাতাল সমাজসেবা অফিসার (অঃদাঃ)
ও
সদস্য-সচিব
উপজেলা রোগী কল্যাণ সমিতি সদরপুর
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd

পরিশিষ্ট-খ

রোগীকল্যাণ সমিতির চিকিৎসা জন্য আর্থিক সাহায্যের আবেদনের অনুমোদিত তালিকা:

(সভার তারিখ: ০৬/০৪/২০২৬ খ্রি.)

| ক্রম | রোগী/আবেদনকারীর নাম | পিতা/স্বামীর নাম | ঠিকানা | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | স্বপ্না বেগম<br>NID:৮২১৯৯৬১৬২৩ | মোঃ জাফর বেপারী | গ্রাম: সাড়ে সাতরশি<br>সদরপুর, ফরিদপুর। | ৫০০০/- (পাঁচ হাজার) টাকা |
| ২ | আকলিমা<br>NID:৭৩২৫২৯০২৮১ | জমির মোল্যা | গ্রাম: ওয়াজ হাওলাদার ডাংগী<br>সদরপুর,ফরিদপুর। | ৪০০০/- (চার হাজার) টাকা |
| ৩ | জসিম মোল্লা<br>NID:৮৬৫০৪১৮৩২৩ | হজরত আলী মোল্যা | গ্রাম: জামালখার কান্দি<br>সদরপুর, ফরিদপুর। | ৪০০০/- (চার হাজার) টাকা |
| ৪ | লিলি<br>NID:৬৪২৬১৮৯৮৬৩ | ইসরাইল শিকদার | গ্রাম: গুপি ডাঙ্গী<br>সদরপুর, ফরিদপুর। | ৪০০০/- (চার হাজার) টাকা |
| ৫ | বাহাদুর মিয়া<br>NID:৫৪১৮৭৪৭৯৯২৪৪৯ | আঃ খালেক বেপারী | গ্রাম: সতের রশি<br>সদরপুর, ফরিদপুর। | ৪০০০/- (চার হাজার) টাকা |
| ৬ | মোঃ আনোয়ার হোসেন<br>NID:৮৬৭৫০২৯০৫৫ | মোঃ ওয়াজেদ সরদার | গ্রাম: সতের রশি<br>সদরপুর, ফরিদপুর। | ৪০০০/- (চার হাজার) টাকা |
| ৭ | মোসাঃ মাহমুদা আক্তার<br>NID:২৯১৮৪১৯৫৫৯৫১৮ | মোঃ তোফাজ্জেল হোসেন | গ্রাম: ছৈজদ্দিন মোল্যার ডাংগী সদরপুর, ফরিদপুর। | ৪০০০/- (চার হাজার) টাকা |
| ৮ | আমেনা বেগম<br>NID: ৮২২৪৬৩২৫১৬ | হামেদ জমাদার | গ্রাম: নয় রশি,<br>সদরপুর, ফরিদপুর। | ৪০০০/- (চার হাজার) টাকা |
| ৯ | মোঃ কালাম মোল্যা<br>NID:৫৫২৫০১০৫৫৮ | কাদের মোল্যা | গ্রাম: উত্তর শৌলডুবী<br>সদরপুর, ফরিদপুর। | ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা |
| ১০ | শেফালী রানী<br>NID:২৩৭৫৩৭৫০৯০ | নারায়ন চন্দ্র অধিকারী | গ্রাম: বাবুরচর বাজার<br>সদরপুর, ফরিদপুর। | ৩০০০/- (তিন হাজার) টাকা |
| ১১ | খোরশেদ<br>NID:৯১২৫০১০৫৯৬ | গনি খালাসী | গ্রাম: গুপি ডাঙ্গী<br>সদরপুর, ফরিদপুর | ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা |
| ১২ | মোঃ আবদুর রহমান<br>NID:৭৭৭৫০৩৫৭৩১ | ইয়াদালী হাওলাদার | গ্রাম: চরবলাসিয়া<br>সদরপুর, ফরিদপুর | ৩০০০/- (তিন হাজার) টাকা |
| ১৩ | মোঃ আজাদ সর্দার<br>NID:৬০০৪২২৯৯৮২ | মোঃ আফজাল সর্দার | গ্রাম: নয়রশি<br>সদরপুর, ফরিদপুর | ২০০০/- (দুই হাজার) টাকা |
| ১৪ | মোতালেব খা<br>NID:৮৬৭৬০৬৫৭৫১ | মেহের খা | গ্রাম: আমির খার ডাঙ্গী<br>সদরপুর, ফরিদপুর | ৪০০০/- (চার হাজার) টাকা |
| ১৫ | রুমা<br>NID:৫৯৫০০৬৭৪৩৮ | আবুল মৃধা | গ্রাম: জরীপের ডাঙ্গী<br>সদরপুর, ফরিদপুর | ৩০০০/- (তিন হাজার) টাকা |
| ১৬ | মোঃ শহিদুল ইসলাম<br>NID | | সহকারী প্রধান শিক্ষক,<br>চরব্রহ্মন্দী উচ্চ বিদ্যালয়<br>সদরপুর, ফরিদপুর | ১০,০০০/-<br>[উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সুপারিশ] |
| ১৭ | তাছলিমা<br>NID: ১৪৫৮৪২৩৯৩৪ | শেখ মোসলেম | নয়রশি সদরপুর, ফরিদপুর | ৪০০০/- (চার হাজার) টাকা |

০৬/০৪/২০২৬

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
সদরপুর ফরিদপুর

06.04.26

ডাঃ মোঃ মমিনুর রহমান সরকার
(কোড নং ১৩৪২১০)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
সদরপুর,ফরিদপুর।